

## শিক্ষা প্রতিমন্ত্রীর আহ্বান

মির্জাপুর থেকে নিজস্ব সংবাদদাতা :  
শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম এহসানুল হক-  
মিলন বলেছেন, নকল হলে পরীক্ষাকেন্দ্রে  
শিক্ষার্থীকে নয়, তার আগে শিক্ষককে  
বহিষ্কার করুন। তিনি বলেন, যে পর্যন্ত  
শিক্ষকদের মন ও মানস থেকে  
স্বজনপ্রীতি দূর না হবে সে পর্যন্ত শিক্ষা  
ব্যবস্থার কোন উন্নতি ফিরে আসবে না।  
তিনি সব শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মীয় এবং  
উৎপাদনমুখী শিক্ষা ব্যবস্থা চালু করার  
জন্য প্রশাসন ও শিক্ষকমণ্ডলীর প্রতি  
আহ্বান জানান।

মন্ত্রী গত ৪ঠা মার্চ দুপুরে টাঙ্গাইল  
জেলার মির্জাপুর উপজেলার পাহাড়ি  
এলাকা বাশভৈল উচ্চ বিদ্যালয়ে ৩৬তম  
বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক  
প্রতিযোগিতায় পুরস্কার বিতরণী সভায়  
প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।